দামুড়হুদার হাউলী ইউনিয়নে হুইলচেয়ার ও ফুটবল বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ৬ নম্বর হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে অসহায় ও প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে হুইলচেয়ার এবং যুবকদের মধ্যে ফুটবল বিতরণ করা হয়েছে।

সোমবার বেলা আড়াইটার দিকে হাউলী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ এবং সংসদ সদস্যের অভিপ্রায় অনুযায়ী এ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য মো. রুহুল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৬ নম্বর হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শহিদুল ইসলাম, সাবিনা ইয়াসমিন, আব্দুল্লাহ সেলিম, আব্দুল হান্নান পটু ও শাহজামালসহ উপকারভোগী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য মো. রুহুল আমিন বলেন, ‘আমরা সুবিধাবঞ্চিত মানুষের মধ্যে হুইলচেয়ার বিতরণ করেছি। একদিনে সবাইকে দেওয়া সম্ভব নয়। পর্যায়ক্রমে সবাইকে সহায়তা দেওয়া হবে। সরকারি বরাদ্দের অর্থে সমাজের অবহেলিত, অসহায় ও প্রতিবন্ধী মানুষের জীবনমান উন্নয়নে এসব সহায়তা দেওয়া হচ্ছে। আমরা সব সময় মানুষের পাশে আছি।’

তিনি দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা লাভলী ইয়াসমিনের প্রশংসা করে বলেন, ‘ইউএনও লাভলী ইয়াসমিন অত্যন্ত দক্ষ একজন কর্মকর্তা। তিনি যেভাবে গুছিয়ে কাজ করেন, এভাবে তিনি আমাদের কাজগুলো সম্পন্ন করে দিলে দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় কোনো অসুবিধা হয় না।’

তিনি আরও বলেন, একজন প্রতিবন্ধী ব্যক্তি যেন সমাজের বোঝা না হয়ে

সম্মানের সঙ্গে স্বাবলম্বী জীবনযাপন করতে পারেন, সে লক্ষ্যেই বিভিন্ন ধরনের সহায়তা দেওয়া হচ্ছে। আজকের হুইলচেয়ার বিতরণ সেই মানবিক উদ্যোগেরই একটি অংশ।

অনুষ্ঠানে যুবকদের খেলাধুলায় উৎসাহিত করতে ফুটবলও বিতরণ করা হয়।

দামুড়হুদার হাউলী ইউনিয়ন বিএনপির ক্রীড়া সামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের খেলাধুলার প্রতি আগ্রহ বৃদ্ধি এবং মাদকসহ নানা সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখতে ক্রীড়া সামগ্রী বিতরণ করেছে হাউলী ইউনিয়ন বিএনপি।

বৃহস্পতিবার দুপুরে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ে হাউলী ইউনিয়ন বিএনপির পক্ষ থেকে দুটি ফুটবল, দুই সেট জার্সি ও দুই সেট এংলেট (শিনগার্ড) উপহার প্রদান করা হয়। একই দিনে জয়রামপুর ডি.এস. দাখিল মাদ্রাসায়ও দুটি ফুটবল বিতরণ করা হয়।

এ সময় হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী ও সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম,৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাকসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী বলেন, বর্তমান সময়ে তরুণ সমাজকে মাদক, অপরাধ ও বিভিন্ন নেতিবাচক কর্মকাণ্ড থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই। সুস্থ বিনোদন ও শরীরচর্চার মাধ্যমে শিক্ষার্থীরা যেমন শারীরিক ও মানসিকভাবে বিকশিত হবে, তেমনি দেশ ও সমাজের জন্য যোগ্য নাগরিক হিসেবেও গড়ে উঠবে।

সেই লক্ষ্য থেকেই শিক্ষার্থীদের খেলাধুলায় উৎসাহ দিতে এসব ক্রীড়া সামগ্রী উপহার দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, মাঠমুখী তরুণরাই

আগামী দিনের সম্পদ। খেলাধুলার মাধ্যমে শৃঙ্খলা, নেতৃত্ব, সহনশীলতা ও ভ্রাতৃত্ববোধ গড়ে ওঠে।

শিক্ষার্থীরা যেন মাদক ও অসামাজিক কর্মকাণ্ডের পরিবর্তে খেলাধুলার সঙ্গে সম্পৃক্ত থাকে, সে উদ্দেশ্যেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ক্রীড়া সামগ্রী পেয়ে বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকরা সন্তোষ প্রকাশ করেন এবং এমন উদ্যোগকে স্বাগত জানান।